দৈনিক সংবাদ

৫৮

তারিখ 26 AUG 1996
পৃষ্ঠা ৫ কলাম ৭

## এসএসসি পরীক্ষার ফল

# ফেনীর ৩টি স্কুলে কেউ পাস করেনি ।। ৭টিতে মানবিক বিভাগে সবাই ফেল করেছে

ফেনী, ২৫শে আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।– ফেনী জেলার ৩টি স্কুল থেকে কোন ছাত্র–ছাত্রী পাস করতে পারেনি এবং ৭টি স্কুল থেকে সমাজ বিজ্ঞান (মানবিক) বিভাগেও কেউ পাস করেনি। এ বছর এসএসসি পরীক্ষার ফলাফল থেকে এ চিত্র পাওয়া গেছে।

ফেনী ল্যাবরেটরি হাইস্কুল, পরশুরাম মডেল হাইস্কুল ও লস্করহাট শামসুননাহার গার্লস হাইস্কুল থেকে এ বছর এসএসসি পরীক্ষায় কোন ছাত্র–ছাত্রী পাস করেনি। এছাড়া মানবিক বিভাগে পাস করেনি ৭টি স্কুলের কোন ছাত্র–ছাত্রী। এ ৭টি স্কুল হচ্ছে, গুথুমা কে বি আবদুল আজীজ হাইস্কুল, সালধর মোহাম্মদ আলী হাই স্কুল, লেমুয়া হাই স্কুল, পাঁচগাছিয়া এ জেট খান স্মৃতি হাইস্কুল, কালীদহ এসসি হাইস্কুল ও তুলাবাড়ির হাইস্কুল। এছাড়া আরো কয়েকটি স্কুলে সমাজ বিজ্ঞান বিভাগে ফলাফল খুবই নাজুক। তন্মধ্যে পরশুরাম পাইলট গার্লস হাইস্কুলে ৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৯ জন, কলিকাপুর বশরত উল্লাহ হাইস্কুলে ৩২ জনের মধ্যে ২ জন, ধনিকুন্ডা হোসনে আরা হাইস্কুলে ৫৩ জনের মধ্যে ২ জন, রাজাপুর আলী আজম চৌধুরী হাইস্কুলের ২০ জনে ২ জন, চিথলিয়া নাসির উদ্দিন হাইস্কুলের ৩৮ জনে ৩ জন, চানগাজী হাইস্কুলে ৩২ জনে ২ জন, খন্ডল হাইস্কুলে ৬৬ জনে ৪ জন, শর্শদী হাইস্কুলে ১৮ জনে ১ জন, ধলিয়া হাইস্কুলে ২০ জনে ২ জন, ফেনীর বালিগাঁও হাইস্কুলে ১১ জনে ১ জন, শর্শদী বালিকা বিদ্যানিকেতনে ১৩ জনে ১ জন, রামপুর বালিকা বিদ্যানিকেতনে ৩৩ জনে ৪ জন ও কাজিরবাগ দোস্ত মোহাম্মদ হাইস্কুলে ২২ জনে ২ জন পাস করেছে। জেলার আরো ৫টি স্কুলেরও ফলাফলের হাল নাজুক। তাই অভিভাবকরা এখন উদ্বিগ্ন।